হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 JUNE 2026 ,FRIDAY | ২৬ জুন ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-204

## উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী হিসেবে শপথ নেবার পর কোচবিহারে নিজের দপ্তরে এলেন নিশীথ প্রামাণিক




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৫ জুন :** কোচবিহার শহরে আমতলায় অবস্থিত উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে এলেন মন্ত্রী নিশীথ প্রামাণিক । উররবঙ্গের বন্যা পরিস্থিতি বিষয়ে তিনি বলেন , "উত্তরের পার্বত্য অঞ্চলের দুই জেলা কালিম্পঙ এবং দার্জিলিং এ বর্ষার সময় হরপা বান ও ভূমিধবসের প্রবণতা রয়েছে। পাহাড়ে অত্যাধিক বৃষ্টিপাত হলেই তিস্তা, তোর্সা সহ অন্যান্য নদী সমূহ যেগুলো পাহাড়ে উৎপন্ন হয়ে উত্তর বঙ্গের বিভিন্ন জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে, বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হয়। এই সমস্ত বিষয় যেমন আমরা সর্বদাই পর্যবেক্ষণ করছি তেমনি সতর্কতা মূলক ব্যবস্থা নেবার পরিকল্পনা চলছে প্রতিনিয়ত। "


## কলকাতার তারাতলায় উদ্ধার কাজের তদারকিতে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ জুন :** বুধবার দুপুরে দক্ষিণ কলকাতার তারাতলার বেস ব্রিজের কাছে একটি নির্মীয়মান গুদামের শেড ভেঙে মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হয় পাঁচ জনের , আহত হয়েছেন ১৮ জন। আহতরা বর্তমানে কলকাতার এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বুধবার সন্ধ্যায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নিজে হাসপাতালে গিয়ে আহতদের সাথে দেখা করেছে। এখনো বেশ কয়েকজন ধ্বংসস্তুপের ভিতর আটকে রয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। বৃহস্পতিবার ও উদ্ধার কাজ চলছে । বৃহস্পতিবার ও সকাল থেকে দুর্ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার কাজ তদারকি তে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । সূত্রের খবর, বুধবার দুপুর থেকেই ঘটনাস্থলে দাঁড়িয়ে থেকে উদ্ধার কারি দলের সাথে একসঙ্গে উদ্ধার কাজে হাত লাগান রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ।সারারাত জেগে উদ্ধার কাজ খতিয়ে দেখেন তিনি ।আজ বৃহস্পতিবার ও সকাল থেকে ঘটনাস্থলে দাঁড়িয়ে থেকে উদ্ধার কাজ দেখাশোনা করেন মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । রাজ্যের মন্ত্রীর এরূপ কাজে মুগ্ধ জনগণ ,জনতার কথায় একজন মন্ত্রী দাঁড়িয়ে থেকে দিন রাত এক করে উদ্ধার কাজ দেখাশোনা করছে, যেটা বিজেপি সরকারের মন্ত্রী বলেই সম্ভব ।



# কাটমানি নেওয়ায় গ্রেফতার কুমারগ্রামের ৪ তৃণমূল নেতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** আবাস যোজনার উপভোক্তাদের কাছ থেকে কাটমানি নেওয়ার অভিযোগে তৃণমূলের ৪ নেতাকে গ্রেফতার করল কুমারগ্রাম থানার পুলিশ। উপভোক্তাদের লিখিত অভিযোগের ভিত্তিতে বুধবার ওই ৪ জনেক গ্রেফতার করে পুলিশ। বৃহস্পতিবার ধৃতদের আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। গ্রেফতার হওয়া তৃণমূল নেতাদের মধ্যে রয়েছেন কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ হলদিবাড়ি মৌজার ১০/৬৭ নম্বর বুথের তৃণমূলের পঞ্চায়েত সদস্য তথা তৃণমূল কংগ্রেসের কুমারগ্রাম অঞ্চল (সাউথ) সভাপতি রথীন দাস, ১০/৬৮ নম্বর বুথের তৃণমূলের পঞ্চায়েত সদস্য তপন বর্মন, তৃণমূল নেতা আমিরুল মিঞা, উত্তম বর্মন। উল্লেখ্য, গত ২ জুন অভিযুক্তদের বাড়িতে বিক্ষোভ দেখান আবাস যোজনার উপভোক্তারা। দাবি করা হয়, কাটমানির টাকা ফেরানোর। পরে এই নিয়ে কুমারগ্রাম থানায় লিখিত অভিযোগ দায়ের হয়। লিখিত অভিযোগ পেয়েই ওই ৪ তৃণমূল নেতাকে গ্রেফতার করে পুলিশ।

# শামুকতলা থানায় টোটো চালকদের বিক্ষোভ





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** টোটো চালকদের হয়রানি করছে পুলিশ এমন অভিযোগেই কয়েকশ টোটো চালক একত্রিত হয়ে শামুকতলা থানায় বিক্ষোভ দেখালেন। বৃহস্পতিবার শামুকতলা থানা এলাকার প্রায় পাঁচ শতাধিক টোটো চালক একত্রিত হয়ে শামুকতলা থানার সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন। টোটো চালকদের অভিযোগ তারা জাতীয় সড়কে টোটো চালাতে পারছেন না এর ফলে রুটি রোজগার বন্ধ হয়ে যাচ্ছে তাদের। চেপানি চৌপথি খাপসারডাঙ্গা শামুকতলা রোড সহ বিভিন্ন টোটো চালকরা জাতীয় সড়কের উপর নির্ভর করেন তাদের রুটি রোজগার। বৃহস্পতিবার শামুকতলা থানা এলাকার টোটো চালকরা একত্রিত হয়ে বিক্ষোভ দেখান থানা চত্বরে এবং তারা পুলিশের কাছে একটি লিখিত আবেদন করেন টোটো চালকদের জাতীয় সড়কে চলার মত অনুমতি দিতে হবে এমন দাবি নিয়েই।

# যশোডাঙ্গায় সিটু সমর্থিত কয়েক হাজার টোটো চালকের বিক্ষোভ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সিটুর পক্ষ থেকে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে ডেপুটেশন দিলেন সিটু সমর্থিত টোটো চালকরা। প্রায় হাজার তিনেক টোটো চালক ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে এসে যশোডাঙ্গা ব্লক ক্যাম্পাসে জমা হয়েছেন। এরপরেই নানারকম স্লোগান দিতে থাকেন সিটু সমর্থিত টোটো চালক গণ। সম্প্রতি সরকার ঘোষণা করেছেন জাতীয় সড়কে টোটো চালকদের টোটো চালানো নিষেধ। আর এই সরকারি নিষেধাজ্ঞা জারি হওয়ার পরেই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক সহ আলিপুরদুয়ার জেলার কয়েক হাজার টোটো চালক বিপাকে পড়ে গেছেন। নতুন সরকারের কাছে এমন আশা করেননি তারা এমন স্লোগানও শোনা গেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসে। ঘন্টাখানেক ধরে তারা বিক্ষোভ দেখানোর পর প্রতিনিধি মুলক ভাবে ডেপুটেশন প্রদান করেন সিটু নেতা বলাই সরকার মনোরঞ্জন বিশ্বাস সমীরন রায় সহ নেতৃত্বরা। টোটো চালকদের পরিচয় পত্র প্রদান বিনামূল্যে রেজিস্ট্রেশন সহ বিভিন্ন দাবি রেখেছেন তারা সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে। সমষ্টি উন্নয়ন আধিকারিক তাদের দাবিগুলো উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পাঠিয়ে দেবেন বলে জানা গেছে।

# তপশিলি জাতির শংসাপত্র নিয়ে গ্রেপ্তার প্রধান ও তার স্বামী




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** তপশিলি জাতি সংরক্ষিত সাতালী গ্রামপঞ্চায়েতে তপশিলি জাতি বলে দাবী করেও সার্টিফিকেট জমা না করেই দীর্ঘদিন ধরে প্রধান হিসেবে শাসন করার অভিযোগে গ্রেপ্তার পঞ্চায়েত প্রধান ও তার স্বামী। বুধবার রাতে নাগরাকাটা থেকে প্রধান কমলা দেবী প্রসাদ এবং তার স্বামী রমেশ প্রসাদকে গ্রেপ্তার করেল হাসিমারা ফাঁড়ির পুলিশ। বৃহস্পতিবার তাদেরকে আলিপুরদুয়ার আদালতে তোলা হয়। রমেশ প্রসাদ কালচিনি এলাকার এক প্রভাবশালী ও দীর্ঘদিনের তৃণমূল নেতা হিসেবে পরিচিত। তিনি অতীতে পঞ্চায়েত সদস্য এবং পঞ্চায়েত সমিতির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।সম্প্রতি তাঁর বাড়ির পিছনে অবস্থিত ভোলা নালায় কথিত অবৈধ নির্মাণকাজ নিয়েও তাঁর নাম আলোচনায় আসে। চার বছরের এক শিশুকন্যা ওই নালায় ভেসে গিয়ে মৃত্যুবরণ করার পর বিষয়টি নিয়ে এলাকায় ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছিল। এদিন আলিপুরদুয়ার জেলা আদালত চত্বরে প্রধান এবং তার স্বামীকে ডিম ছোড়ার উদ্দেশ্যে দাঁড়িয়েছিলেন বেশ কয়েকজন।

# দিন দুপুরে লোকালয়ে হাতির তাণ্ডব




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** এক পাল হাতির তাণ্ডবে মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বালাবাড়ি এলাকায় ক্ষতির পরিমাণ কয়েক লক্ষ টাকা। এলাকার বেশ কয়েক জনের কয়েক বিঘা সুপারি বাগান নষ্ট করে দিয়েছে হাতির পাল ভেঙে দিয়েছে বাড়িঘর। বিনুস কুলু রানা এক্কা ননীবালা এক্কা সহ আরো বেশ কয়েকজন দিশেহারা হয়ে গেছেন হাতির তাণ্ডবের দরুন তাদের সন্তানদের বাঁচার তাগিদে লাগানো সুপারি বাগান ধ্বংস হয়ে যাওয়ায়। প্রতি রাতেই হাতি তান্ডব চালাচ্ছে লোকালয়ে। তাদের কাছ থেকে জানা গেছে প্রায় বারোশো সুপারি চারা গাছ ভেঙে দিয়েছে যে গাছগুলিতে আগামী বছর ফলন হতো। শশা খেত ঝিঙ্গা খেত থেকে শুরু করে রবিশস্যের ক্ষেত গুলো পিষে দিয়েছে হাতির পাল। বনদপ্তর এর কর্মকর্তারা জানিয়েছেন সরকারিভাবে তাদেরকে সহযোগিতা করা হবে।

# চাপরের পার দুই গ্রাম পঞ্চায়েতের প্রধান ইস্তফা দিয়েছেন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জুন :** চাপরের পার দুই গ্রাম পঞ্চায়েতের প্রধান বনশ্রী দাস প্রধান পথ থেকে ইস্তফা দিলেন। ইস্তফা পত্র জমা দিয়েছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনিক কর্মকর্তার কাছে। ২০২৩ সালে তিনি প্রধান হয়েছিলেন। পশ্চিমবঙ্গের সরকারের পরিবর্তন হওয়ার পরেই তৃণমূল ছেড়ে দিচ্ছেন অনেকেই। তৃণমূলের প্রতীক চিহ্নের জয়ী হয়ে তিনি প্রদান হয়েছিলেন গত পঞ্চায়েত নির্বাচনে। নতুন সরকার গঠন হয়েছে আর এরপরেই তাসের ঘরের মতো ভেঙে যাচ্ছে তৃণমূল পরিচালিত পঞ্চায়েত বোর্ড গুলি। উল্লেখ্য চাপরের পার দুই গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান আগেই ইস্তফা দিয়েছেন। প্রধান এবং উপপ্রধান ইস্তফা দেওয়ার দরুন সাধারণ মানুষকে কিছুদিনের জন্য হয়রানির শিকার হতে হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |